চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ৩১মে ২০১৮ খ্রি.

২১নং জামাল খান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমনের অর্থায়নে ৫শত পরিবারের মাঝে ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে মেয়র

৩১ মে ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, সকালে প্রিয়া কমিউনিটি সেন্টারে নগরীর ২১নং জামাল খান ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমনের অর্থায়নে ২১ নং জামাল খান ওয়ার্ডের অধিবাসী গরীব ও নি:স্ব ৫শত পরিবারের মাঝে ইফতার ও সেহেরী সামগ্রী বিতরণ করা হয়। চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন উল্লেখিত পরিবারের মাঝে ইফতার ও সেহেরী সামগ্রীসমূহ তুলে দেন। এ উপলক্ষে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথির ভাষনে মেয়র বলেন, আওয়ামীলীগের নেতা-কর্মীরা মানবতার সেবার অংশ হিসেবে প্রতিবেশিদের হক আদায় করার চেষ্টা করে। তিনি বলেন, রাজনৈতিক ও সামাজিক দায়বোধ থেকে দরিদ্র হতদরিদ্র মানুষের দুর্দিন দুঃসময়ে পাশে থাকে আওয়ামীলীগ। এ প্রসঙ্গে মেয়র বলেন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা দেশ থেকে দারিদ্র দুর করার নানামুখি কর্মসূচি গহ্রণ করে তা বাস্তবায়ন করে চলেছে। ফলে ধীরে ধীরে দারিদ্র কমছে এবং কর্মসংস্থান সৃষ্টি হচ্ছে। আ জ ম নাছির উদ্দীন বলেন, সরকার দারিদ্র বিমোচন ও কর্মসংস্থানের লক্ষে বহুমুখী কর্মসূচির অংশ হিসেবে একটি বাড়ী একটি খামার প্রকল্প, খাদ্য নিরাপত্তা বেষ্টনী প্রকল্প, বয়স্ক ও বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, দুগ্ধ ভাতা, শিক্ষাবৃত্তি, উপবৃত্তি, বিনামূল্যে বই বিতরণ, বিনা বেতনে অধ্যয়নের মত বহুমুখী কল্যাণধর্মী কাজ করছে সরকার। এর ফলে বাংলাদেশের দরিদ্র জনগোষ্ঠীর ভাগ্যের পরিবর্তন ঘটছে। মেয়র আশা করেন, ২০৩০ সনের মধ্যে বাংলাদেশে দরিদ্রের সংখ্যা অনেকাংশে কমে আসবে। তিনি বলেন, সরকারের গণমুখী, কল্যাণধর্মী কার্যক্রম এর কারণে বাংলাদেশ নি¤œ মধ্য আয়ের দেশ এবং উন্নয়নশীল দেশের পথে হাঁটছে। ২০২১ সনের মধ্যে বাংলাদেশ মধ্য আয়ের দেশে পদার্পন করবে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর শৈবাল দাশ সুমন। এতে বক্তব্য রাখেন স্থানীয় ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি আবুল হাশেম বাবুল, সাধারন সম্পাদক মোরশেদুল আলম, কোতোয়ালী থানা আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক মিথুন বড়–য়া, ওয়ার্ড আওয়ামীলীগের সহ সভাপতি হাজী মো. সাহাব উদ্দিন,যুবলীগ নেতা জাবেদুল আলম সুমন, পুলক খাস্তগীর, ইয়াছির আরাফাত, নারী নেত্রী জাফরিন সুলতানা পম্পি ও ছাত্রনেতা সৈকত দাশসহ সামাজিক ও রাজনৈতিক নেতৃবর্গ।

চট্টগ্রাম- ৩১মে ২০১৮ খ্রি.

বর্তমান সরকার প্রতিকুল পরিস্থিতি মোকাবেলা করে গণতন্ত্র, উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রেখেছে ৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সমাবেশ, সদস্য নবায়ন ও সংগ্রহ অনুষ্ঠানে মাহতাব উদ্দিন চৌধুরী

চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের ভারপ্রাপ্ত সভাপতি মাহতাব উদ্দিন চৌধুরী বলেছেন,একমাত্র আওয়ামীলীগই এদেশের মানুষের ভাগ্য পরিবর্তনে জন্য কাজ করছে। এ সংগঠনের নেতাকর্মীরা গণতন্ত্র সুরক্ষা এবং মানুষের মৌলিক অধিকার রক্ষায় ত্যাগ স্বীকার ও জীবন উৎসর্গ করে। তিনি বলেন, বর্তমান সরকার প্রতিকুল পরিস্থিতি মোকাবেলা করে গণতন্ত্র, উন্নয়ন ও অগ্রগতি অব্যাহত রেখেছে। এ ধারা এগিয়ে নিতে নেতাকর্মীদের সর্বোচ্চ ত্যাগ স্বীকারে আহবান জানান তিনি। ৩১ মে ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, দুপুরে নগরীর বসুন্ধরা কমিউনিটি সেন্টারে অনুষ্ঠিত ৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ড আওয়ামীলীগের কর্মী সমাবেশ, সদস্য নবায়ন ও সংগ্রহ অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষনে এ আহবান জানান। কর্মী সমাবেশ,সদস্য নবায়ন ও সংগ্রহ অনুষ্ঠানের প্রধান আলোচক চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু বাংলাদেশের উন্নয়ন ও সমৃদ্ধির জন্য যে কর্মসূচি গ্রহণ করেছিলেন সে সকল কর্মসুচি অনুসরন করে প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সরকার দেশের সকল জনগোষ্টিকে অর্থনৈতিকভাবে স্বাবলম্বি করার লক্ষ্যে কাজ করছে। তিনি বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার সুদক্ষ ও সফল নেতৃত্বে দেশের অর্থনীতি সমৃদ্ধ হচ্ছে এবং দেশে দারিদ্র হ্রাস পাচ্ছে। তিনি আসন্ন নির্বাচনে দলের বিজয়কে নিশ্চিত করতে নেতা কর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহবান জনান। তিনি বলেন, সৎ চরিত্রবান ও আদর্শবান সংগঠক সহ নানা শ্রেনী ও পেশার সুশীল সমাজকে আওয়ামীলীগের পতাকাতলে সমবেত করে আওয়ামীলীগের অগ্রযাত্রাকে অব্যাহত রাখতে হবে। আ জ ম নাছির উদ্দীন মাদকসেবী,বিক্রেতা,সন্ত্রাস ও জঙ্গীবাদে লিপ্ত কাউকে আওয়ামীলীগে স্থান না দেওয়ার নির্দেশনা দেন। মেয়র সংগঠনের তৃনমূল থেকে গঠনতন্ত্রের ভিত্তিতে সংগঠন পরিচালনায় সংগঠকদের নিদের্শ দেন। কর্মী সভায় সভাপতিত্ব করেন ৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সভাপতি শামসুল আলম। ৬ নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও কাউন্সিলর এম আশরাফুল আলমের উপস্থাপনায় অনুষ্ঠিত কর্মী সমাবেশে বক্তব্য রাখেন চট্টগ্রাম মহানগর আওয়ামীলীগের যুগ্ম সাধারন সম্পাদক এম রেজাউল করিম চৌধুরী, সাংগঠনিক সম্পাদক নোমান আল মাহমুদ,মহিলা সম্পাদিকা ও প্যানেল মেয়র জোবাইরা নার্গিস খান, কৃষি বিষয়ক সম্পাদক সাবেক কমিশনার আহমদুর রহমান সিদ্দিকী, সাবেক কমিশনার মোহাম্মদ এয়াকুব,আবু তাহের,সদস্য আমিনুল হক। এছাড়াও ৬নং ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক এম আশরাফুল আলম, মঞ্জুর হোসেন, মো. ইসহাক, আবুল কালাম সহ অন্যরা বক্তব্য রাখেন।

চট্টগ্রাম- ৩১মে ২০১৮ খ্রি.

ক্ষুদ্র উদ্যোক্তা ১৬ নারীকে সেলাই মেশিন ও কাপড় বিতরণ অনুষ্ঠানে মেয়র আজকের ক্ষুদ্র সহায়তা আগামী দিনের বড় সাফল্যের হাতছানি

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র উদ্যোক্তা ১৬ নারীকে সেলাই মেশিন ও কাপড় বিতরণ করেছেন। এদের মধ্যে ৬ জন পেয়েছেন সেলাই মেশিন ও অন্য ১০ জন নারী পেয়েছেন কাপড়। বিতরণকৃত কাপড়ের মধ্যে রয়েছে শাড়ি, থ্রিপিছের থান কাপড়। তিনি ৩১ মে ২০১৮ খ্রি. বৃহস্পতিবার দুপুরে নগরভবনের কে বি আবদুচ ছত্তার মিলনায়তনে ব্র্যাক আরবান ডেভেলপমেন্ট প্রোগ্রাম চট্টগ্রাম অঞ্চল আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসকল উপকরণ বিতরণ করেন। দরিদ্র জনগোষ্ঠীর ক্ষুদ্র নারী উদ্যোক্তাদের ব্যবসায়ী সহায়তার জন্য এ সেলাই মেশিন ও কাপড় বিতরণ করা হয়েছে। এ প্রোগ্রামের আওতায় চলতি মাসে ১৬ নারী উদ্যোক্তা ছাড়াও আরো ৩৯ জনকে স্থানীয় বাজার থেকে মুদি মালামাল, কাঁচা মাল, মাছ, ছোট ব্যবসা উপকরণ ক্রয় করে বিতরণ করা হয়। এ প্রোগ্রামের মাধ্যমে দরিদ্র জনগোষ্ঠীর মোট ৫৪ জন ক্ষুদ্র উদ্যোক্তা উপকৃত ও স্বাবলম্বী হওয়ার সুযোগ পাবে।

এ উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর মিসেস আবিদা আজাদ, চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সচিব মোহাম্মদ আবুল হোসেন, প্রধান নগর পরিকল্পনাবিদ এ কে এম রেজাউল করিম, ব্র্যাক চট্টগ্রাম জেলার প্রতিনিধি নজরুল ইসলাম, আঞ্চলিক সমন্বয়কারী মো. শামিম আল মামুন ও বস্তি উন্নয়ন কর্মকর্তা মইনুল হোসেন আলী।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন বলেন, নগরীর ১০ লাখ দরিদ্র জনগোষ্ঠীকে ব্র্যাক বিভিন্ন সহায়তার মাধ্যমে তাদের কার্যক্রম পরিচালনা করে আসছে। তিনি যে সকল দরিদ্র ক্ষুদ্র উদ্যোক্তা ব্র্যাকের এই প্রোগ্রামের মাধ্যমে ব্যবসায়ীক সহায়তার উপকরণ পাবেন তাদেরকে তার সর্বস্ব ব্যবহারের মাধ্যমে জীবন মানের উন্নয়নে চেষ্টার আহ্বান জানান। মেয়র বলেন, আজকের এই ক্ষুদ্র সহায়তা আগামী দিনের বড় সাফল্যের হাতছানি। আর আপনার নিজের সাফল্য মানে ভবিষ্যৎ প্রজন্মের সুন্দর নিশ্চিত জীবন। তিনি বলেন, দারিদ্রতাকে জয় করার সুযোগ আছে। তাই এই সুযোগকে কাজে লাগাতে হবে।

চট্টগ্রাম- ৩১মে ২০১৮ খ্রি.

মেয়রের নিজস্ব অর্থায়নে ৭ মসজিদে তারাবী নামাজে অংশগ্রহণকারী মুসল্লীদের ফিন্নি বিতরণ

চট্টগ্রাম সিটি কর্পোরেশন পরিচালিত চকবাজার জামে মসজিদ, লালদিঘী জামে মসজিদ, সুগন্ধা জামে মসজিদ, জহুর হকার মার্কেট জামে মসজিদ, সাগরিকা গরুর বাজার জামে মসজিদ, আরেফিন নগর কেন্দ্রীয় কবরস্থান জামে মসজিদ, হযরত মা আয়েশা সিদ্দিকা জামে মসজিদে পবিত্র তারাবী নামাজে অংশগ্রহণকারী মুসল্লীদের মাঝে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীনের নিজস্ব অর্থায়নে

ফিন্নি বিতরণ করা হচ্ছে। উল্লেখিত মসজিদ সমূহে খতমে তারাবী শেষে গত ১২ রমজান থেকে শুরু করে ২৬ রমজান পর্যন্ত এই ফিন্নি বিতরণ কর্মসূচি অব্যাহত থাকবে।

চট্টগ্রাম- ৩১ মে ২০১৮ খ্রি.

চসিক এর ভ্রাম্যমাণ আদালতের অভিযান অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে নির্বাহী ম্যাজিস্ট্রেট আফিয়া আখতার ও স্পেশাল ম্যাজিস্ট্রেট(যুগ্ম জেলা জজ) জাহানারা ফেরদৌস এর নেতৃত্বে চট্টগ্রাম মহানগর এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। ৩১ মে ২০১৮ খ্রি. বৃহস্পতিবার, সকালে অভিযানকালে কোতোয়ালী থানাধীন সিটি কর্পোরেশন রাজস্ব সার্কেল-৩ এর আওতায় পৌর জহুর হকার্স মার্কেটে ট্রেড লাইসেন্স এর বকেয়া ফি বাবদ ১২টি ব্যবসা প্রতিষ্ঠান থেকে ১ লক্ষ ৪০ হাজার ৬ শত ৭০ টাকা আদায় করা হয়।

অভিযানকালে সিটি কর্পোরেশনের রাজস্ব সার্কেল-৩ এর কর কর্মকর্তা মো. জসিম উদ্দিন, উপ কর কর্মকর্তা মো. নাজিম উদ্দিন, ওয়ারেন্ট অফিসার মোদাচ্ছের বিল্লাহ শামীমসহ সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মহানগর পুলিশ ম্যাজিস্ট্রেটদ্বয়কে সহায়তা করেন।

সংবাদদাতা
মো. আবদুর রহিম
জনসংযোগ কর্মকর্তা
চট্টগ্রাম সিটি কর্পোরেশন